যায়যায়দিন

11 MAY 2012
পৃষ্ঠা ৩ কলাম ৫

২১ দফা দাবিতে আন্দোলনে নামছে শিক্ষক সমিতি

যাযাদি রিপোর্ট

শিক্ষকদের স্বতন্ত্র বেতন স্কেল, চাকরির বয়স ৬৫ বছর করা ও সরকারি-বেসরকারি শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণসহ ২১ দফা দাবিতে আন্দোলনে নামছে বাংলাদেশ শিক্ষক সমিতি।

বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলন করে আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হয়। ২১ দফা দাবি আদায়ে শিক্ষক সমিতির এ আন্দোলন ১৪ মে থেকে শুরু হয়ে চলবে ১১ জুন পর্যন্ত। আসন্ন জাতীয় বাজেটে দাবিগুলোর ব্যাপারে সরকারের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত না এলে কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছে শিক্ষক সমিতি। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী। এ সময় আরো উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক বিলকিস জামান, সহ-সভাপতি অধ্যক্ষ সমরেন্দ্র নাথ রায় সমর, আব্দুল খালেক, আফজাল মিয়া, হালিমা খাতুন প্রমুখ। জাতীয় শিক্ষানীতি ২০১০ দ্রুত বাস্তবায়ন ও শিক্ষক কর্মচারীদের জন্য স্বতন্ত্র ও উচ্চ বেতন স্কেল প্রদানসহ তাদের উল্লেখযোগ্য দাবিগুলো হলো, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের চাকরির বয়স ৬৫ বছরে উন্নীত করা, সরকারি ও বেসরকারি শিক্ষক কর্মচারীদের বেতন বৈষম্য দূরকরণের লক্ষ্যে ট্রাস্ট ফান্ড গঠন করা, সরকারি বিধি মোতাবেক স্বীকৃতিপ্রাপ্ত সব শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা, সরকারি প্রতিষ্ঠানের মতো বেসরকারি প্রতিষ্ঠানেও মাতৃত্বকালীন ছুটি ৬ মাস করা, প্রশাসনিক জটিলতা ও দীর্ঘসূত্রতা পরিহারের জন্য পৃথক মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর চালু করা, সরকারি প্রতিষ্ঠানের মতো বেসরকারি প্রতিষ্ঠানের মুক্তিযোদ্ধা শিক্ষকদের সমান সুযোগ সুবিধা দেয়া ইত্যাদি।

এসব দাবি আদায়ে আন্দোলন কর্মসূচি ঘোষণা করে শিক্ষক সমিতি। আন্দোলন কর্মসূচির মধ্যে রয়েছে, আগামী ১৪ মে সারাদেশে উপজেলা পর্যায়ে বিক্ষোভ মিছিল-সমাবেশ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বরাবর স্মারকলিপি প্রদান, ১৬ মে সারাদেশে জেলা পর্যায়ে শিক্ষক ও কর্মচারী নেতাদের জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি, ১৭ থেকে ২৩ মে পর্যন্ত গণসংযোগ ও মতবিনিময়, ২৪ মে সারাদেশে জেলা পর্যায়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বরাবর স্মারকলিপি প্রদান, একই দিন বেলা ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনারে বিক্ষোভ ও প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি এবং সবশেষ কর্মসূচি হিসেবে ২৮ মে থেকে ১১ জুন পর্যন্ত সংসদ সদস্যদের সঙ্গে মতবিনিময় করবেন শিক্ষক সমিতির নেতারা।